



সংবাদ বিজ্ঞপ্তি

ম্যানিলা, ২৫ মার্চ ২০২৪: যথাযথ ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে ফিলিপাইনস্থ বাংলাদেশ দূতাবাসে 'গণহত্যা দিবস' পালিত হয়েছে। দূতাবাস প্রাঙ্গণে আয়োজিত এ অনুষ্ঠানে দূতাবাসে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন।

পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। এরপর ২৫শে মার্চের কালরাতে গণহত্যায় নিহত শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয় এবং ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধে পাকিস্তান হানাদার বাহিনীর গণহত্যা ও নৃশংসতার ওপর একটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে রাষ্ট্রদূত এফ. এম. বোরহান উদ্দিন তাঁর বক্তব্য শুরু করেন। তিনি সশ্রদ্ধচিত্তে আরো স্মরণ করেন ২৫শে মার্চ কালরাতে নৃশংস হত্যাকাণ্ডসহ পাকিস্তানি হানাদার বাহিনীর হাতে নির্মম গণহত্যার শিকার সকল শহীদদেরকে। তিনি বলেন, একাত্তরের বীভৎস গণহত্যা শুধু বাংলাদেশের নয়, বিশ্বমানবতার ইতিহাসেও একটি বর্বরোচিত কালো অধ্যায়। তিনি বলেন, এ গণহত্যার স্বরূপকে নতুন প্রজন্মের সামনে তুলে ধরা প্রয়োজন, যাতে মানুষ ইতিহাসের ভয়াবহতা সম্পর্কে জ্ঞাত হয় এবং এমন অপরাধের বিরুদ্ধে গণসচেতনতা গড়ে ওঠে। রাষ্ট্রদূত বাংলাদেশে সংঘটিত গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি অর্জনে বাংলাদেশ সরকারের নিরলস প্রচেষ্টার বিষয়ে আলোকপাত করেন এবং এ ধরনের ঘৃণ্য অপরাধ যেন পৃথিবীর কোথাও আর না ঘটে, সে ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন।

পরিশেষে, জাতির পিতা ও তাঁর পরিবারের শহিদ সদস্যসহ মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী সকল শহীদের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।


(সায়মা রাজ্জাকী)
কাউন্সেলর
